

বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউটের একটি সেবা সহজীকরণ প্রস্তাবঃ

ধারণা প্রদানকারীর নাম : মোঃ সাখাওয়াত হোসেন

ধারণা প্রদানকারীর পদবী : গবেষণা কর্মকর্তা

ক্রমিক	বিষয়	বর্ণনা
১.	প্রস্তাবনার শিরোনাম	এক ধাপে পলু পাউডার সরবরাহ।
২.	পটভূমিঃ কিসের ভিত্তিতে প্রস্তাবটি উপস্থাপন করা হয়েছে।	<p>পলুপালনকালে পলু ভাইরাল ও ফাংগাল জনিত বিভিন্ন রোগে আক্রান্ত হয় এবং এর ফলে রেশমচাষীরা অনেক ক্ষতিগ্রস্ত হয়ে থাকেন। রসারোগ ও চুনাকাঠি রোগের প্রতিকার হিসাবে বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট রেশম পলু পাউডার উদ্ভাবন করেছে যা অত্যন্ত কার্যকরী। বর্তমানে মাঠ পর্যায়ে এ পলু পাউডার ব্যাপকভাবে ব্যবহৃত হচ্ছে যার একমাত্র প্রস্তুতকারী বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট। এ প্রতিষ্ঠান থেকে ২০১৪ সালে মোট ৮২০ কেজি এবং ২০১৫ সালে মোট ১৫০০ কেজি পলু পাউডার সরবরাহ দেয়া হয়েছে। এ পলু পাউডার রেশমচাষীরা সরাসরি অথবা রেশম উন্নয়ন বোর্ডের মাঠ কর্মকর্তাগণের মাধ্যমে পেয়ে থাকেন। বর্তমানে চাহিদাদাতাকে এটি পেতে প্রথমত সরাসরি এসে ওয়ান স্টপ সার্ভিস ডেস্কে পরিচালক বরাবর দরখাস্ত দিতে হয়। এরপর তা অনুমোদন সাপেক্ষে চাহিদাদাতার চাহিদা অনুযায়ী মূল্য নির্ধারণ করে পরবর্তীতে চাহিদাদাতাকে হিসাব শাখা বরাবর মূল্য পরিশোধের জন্য জানান। মূল্য পরিশোধ শেষে তাকে নির্ধারিত তারিখে পলু পাউডার নিয়ে যাওয়ার জন্য জানানো হয় এবং তিনি তা সরবরাহ গ্রহণ করেন।</p> <p>এই উদ্ভাবিত ধারণা দ্বারা চাহিদাদাতা তার চাহিদা ও মূল্য পরিশোধ মোবাইলের মাধ্যমে নিজ অবস্থানে থেকে করতে পারবেন এবং শুধুমাত্র সরবরাহের নির্ধারিত তারিখে এসে পলু পাউডার নিতে পারেন অথবা ডাক ও কুরিয়ার যোগে অতিরিক্ত সার্ভিস চার্জ পরিশোধ সাপেক্ষে নিজ অবস্থানে থেকেই পেতে পারেন।</p>
৩.	ইনোভেশন প্রস্তাবনার সংক্ষিপ্ত বর্ণনা।	<p>প্রতিষ্ঠানের ওয়ান স্টপ সার্ভিস ডেস্ক এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে একটি সিমসহ মোবাইল ফোন থাকবে এবং ফোন নাম্বারটি রেশমচাষী ও মাঠকর্মী/কর্মকর্তাদের নিকট দেওয়া থাকবে। মোবাইল নাম্বারটি ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য প্রতিষ্ঠানের ওয়েবসাইট, সোশাল মিডিয়া, সেমিনার, মাঠ দিবস- এর মাধ্যমে প্রচারণা চালানো হবে। নির্ধারিত সিম ডাচবাংলা ব্যাংক লিমিটেড (DBBL) মোবাইল ব্যাংকিং ও bKash একাউন্ট খোলা থাকবে এবং পলু পাউডার এর মূল্য (DBBL) ও bKash যে কোন একটি সুবিধাজনক পদ্ধতিতে চাহিদাদাতা পরিশোধ করতে পারবেন।</p> <p>এক্ষেত্রে যে সকল ধাপ অবলম্বন করতে হবে তা নিম্নরূপঃ</p> <ul style="list-style-type: none"> ➤ চাহিদা দাতা নির্ধারিত নম্বরে তার নাম, পদবী (প্রয়োজ্য ক্ষেত্রে), ঠিকানা, বিকল্প মোবাইল নং, চাহিদার সংখ্যা উল্লেখ করে একটি SMS পাঠাবেন। ➤ প্রাপ্ত SMS এর রেফারেন্স দিয়ে ওয়ানস্টপ সার্ভিস ডেস্ক এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত ছকে পরিচালক বরাবর আবেদনপত্র জমা দিবেন।

		<ul style="list-style-type: none"> ➤ পরিচালকের অনুমোদনের পর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট সরবরাহকারী শাখার সাথে যোগাযোগ করে সরবরাহের সম্ভাব্য তারিখ জেনে নিবেন এবং চাহিদা অনুযায়ী মূল্য নির্ধারণ করে চাহিদাদাতার মোবাইল নাম্বারে পরিশোধযোগ্য মূল্য, ডাক/কুরিয়ার যোগে পেতে অবস্থানভেদে অতিরিক্ত মূল্য, DBBL Mobile Banking/bKash যোগে পরিশোধের মোবাইল নাম্বার, সরবরাহের সম্ভাব্য তারিখ এবং সার্ভিস এন্ট্রি নাম্বার জানিয়ে চাহিদাদাতাকে SMS দিবেন। ➤ বিল পরিশোধের পর চাহিদাদাতা অবশ্যই সংশ্লিষ্ট নাম্বারে তার সার্ভিস এন্ট্রি নাম্বার এবং Transaction ID (Trx ID) জানিয়ে দিবেন। ➤ সরবরাহ শেষে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা চূড়ান্ত তথ্য চাহিদাদাতাকে সরাসরি কল করে জানাবেন।
৪.	এ ইনোভেশন কর্মসূচী বাস্তবায়ন করলে কি ধরনের সুনির্দিষ্ট সুবিধা পাওয়া যাবে/কি ধরনের পরিবর্তন ঘটবে এবং এর দ্বারা কারা উপকৃত হবে।	<ul style="list-style-type: none"> ➤ চাহিদাদাতা তার নিজ অবস্থানে থেকেই পলু পাউডার পাবেন। ➤ সময় এবং আর্থিক সাশ্রয় হবে। ➤ রেশম সংশ্লিষ্ট সেবাকে মোবাইলের মাধ্যমে জনগণের দোর গোড়ায় পৌঁছানো সম্ভব হবে।
৫.	এ উদ্যোগ বাস্তবায়নে কি ধরনের সহযোগিতা লাগবে এবং কার অনুমোদন লাগবে।	<ul style="list-style-type: none"> ➤ পরিচালক, বিএসআরটিআই- এর অনুমোদন। ➤ সিমসহ একটি মোবাইল। ➤ নির্ধারিত নম্বরে DBBL Mobile Banking/bKash Account খোলা। ➤ মোবাইল বিল বাবদ খরচের অনুমোদনের প্রয়োজন হবে।
৬.	ইনোভেশন ধারণা বাস্তবায়নের প্রাথমিক কর্ম-পরিকল্পনা।	ধারণাটি মন্ত্রণালয়ে গ্রহণ সাপেক্ষে পরিচালক, বারেগপ্রই- এর অনুমোদন, সিমসহ মোবাইল ক্রয়, DBBL Mobile Banking/bKash Account খোলা এবং সংশ্লিষ্ট সেবা সম্পর্কিত প্রচারণা।
৭.	ইনোভেশন ধারণা দ্বারা প্রত্যাশিত ফল অর্জনের কর্ম-পরিকল্পনা।	মন্ত্রণালয় এর সম্মতি- > পরিচালকের অনুমোদন- > সিমসহ মোবাইল ক্রয়- > DBBL Mobile Banking/bKash Account খোলা - > সেবা সম্পর্কিত প্রচারণা- > আন্তরিকতার সাথে সেবা প্রদান।

স্বাক্ষরিত/-
পরিচালক
বারেগপ্রই, রাজশাহী।